

**শিক্ষাঙ্গনকে মেধাবীদের
চারণভূমিতে পরিণত
করতে হবে ঢাবি ছাত্রদল**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার :
জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়
শাখা লাস্ট-সেমিস্টার নেতৃত্বাধীন সংগঠনের
নবগঠিত কেন্দ্রীয় কমিটিকে অভিনন্দন
জানিয়ে গতকাল (সোমবার) ক্যাম্পাসে
বিশাল মিছিল ও সমাবেশ করে।
অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশে
সভাপতির বক্তব্যে ছাত্রদল ঢাকা
বিশ্ববিদ্যালয় শাখার নবনির্বাচিত সভাপতি
আনিফুল ইসলাম খান আলীম বলেন,
শিক্ষাঙ্গনে শিক্ষার সৃষ্ট পরিবেশ সুনির্দিষ্ট
করে শিক্ষাঙ্গনকে মেধাবীদের চারণভূমিতে
পরিণত করাই ছাত্রদলের মূল লক্ষ্য। তিনি
বলেন, ছাত্রদলের নতুন গতিশীল নেতৃত্ব
আগামীদিনে তাদের যোগ্যতা ও মেধার
৭-এর পৃষ্ঠা ৪-এর



ইনকিলাব : জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সংগঠনের নবগঠিত
কেন্দ্রীয় কমিটিকে অভিনন্দন জানিয়ে গতকাল ক্যাম্পাসে বিশাল মিছিল বের করে

ঢাবি ছাত্রদল ৮-এর পৃষ্ঠার পর
বিকাশ ঘটিয়ে দেশ ও জাতিরকে নেতৃত্ব
দেবে। বিশ্ববিদ্যালয় শাখার নবনির্বাচিত
সাধারণ সম্পাদক হাসান মামুনের
পরিচালনায় সমাবেশে আরো বক্তব্য রাখেন
ঢাকা মহানগর উত্তর শাখার সভাপতি এস
এম জাহাঙ্গীর হোসেন, সাধারণ সম্পাদক
ইয়াসীন আলী, আসাদুজ্জামান আসাদ,
হায়দার আলী সেলিম প্রমুখ। সমাবেশে
উপস্থিত ছিলেন মোস্তাফিজুল ইসলাম
মামুন, শামসুজ্জামান মেহেদী, মোস্তফা খান
সফরী, জয়ন্ত কুও, সহিদুল ইসলাম বাবুল,
বশির আহমেদ, রোবসানা বানম প্রমুখ।
মামুন হাসান বলেন, ছাত্রদল ছাত্র সমাজকে
সাথে নিয়ে শিক্ষাঙ্গনের নতুন সমস্যার
সমাধানকল্পে ঐক্যবদ্ধভাবে কাজ করে
যাবে। অন্যান্য নেতৃত্বদ্বন্দ্ব ছাত্রদলের ত্যাগী &
যোগ্য নেতা-কর্মীদেরকে মূল্যায়ন করা
ছন্দ কেন্দ্রীয় শীর্ষ নেতৃত্বের প্রতি আহ্বান
জানান।